

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্থগিত পরীক্ষার নতুন সময়সূচি

অনলাইন ডেস্ক

২৫ জুন, ২০২৪ ১৬:০১

শেয়ার

অ +

অ -



জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠেয় ২০২২ সালের অনার্স চতুর্থ বর্ষের ২৪ জুনের পরীক্ষার নতুন সূচি প্রকাশ করা হয়েছে। আগামী ১ জুলাই অনুষ্ঠিত হবে এ পরীক্ষা।

আজ মঙ্গলবার (২৫ জুন) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়।

দেশের বিভিন্ন অঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠেয় ২৪ জুনের পরীক্ষা স্থগিত করা হয়েছিল।